মেহেরপুরে অবহিতকরণ ও বাস্তবায়ন বিষয়ক সেমিনার

মেহেরপুরে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন -২০০৯ অবহিতকরণ ও বাস্তবায়ন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২৯ অক্টোবর) সকাল সাড়ে ১০ টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক আয়োজিত ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ অবহিতকরণ ও বাস্তবায়ন বিষয়ক সেমিনারে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এ সময় স্বাগত বক্তব্য রাখেন- জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারি পরিচালক সজল আহমেদ।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন- অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রনি আলম নুর, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মাহমুদ, সাংবাদিক রফিকুল আলম প্রমুখ।

সেমিনারে বক্তারা ভোক্তা অধিকার সংরক্ষণ আইন -২০০৯ অবহিতকরণ ও বাস্তবায়ন বিষয়ক বিভিন্ন বিষয়ে আলোচনা করে বলেন- আমরা প্রত্যেকেই ভোক্তা। আমি একজন ক্রেতাকে যেমন ঠকাচ্ছি, তেমনি অন্যজনও আমাকে অনুরূপ ভাবে ঠকাচ্ছেন। এই অসৎ উদ্দেশ্য থেকে আমাদের সবাইকে বের হয়ে আসতে হবে।

সেমিনারে বিভিন্ন দফতরের কর্মকর্তা, সাংবাদিক, ব্যবসায়ী প্রতিনিধিও উপস্থিত ছিলেন।